# অধ্যায়-৪: বয়ঃসন্ধিকাল

## ★ পাঠ-১ বয়ঃসন্ধিকালের পরিবর্তন | Text পৃষ্ঠা-৩৩

১. বয়ঃসন্ধিকালের পরিবর্তন চলে কোন গতিতে? /স. বো. ২০১৪/
ক) ধীর খ) দ্রুত
গ) মন্থর ঘ) সাবলীল **খ**

২. ঝড়-ঝঞ্ঝার বয়স বলা হয় কোন বয়সকে? (জ্ঞান)
ক) শৈশবকাল খ) বয়ঃসন্ধিক্ষণ
গ) যৌবনকাল ঘ) বার্ধক্য **খ**

৩. বয়ঃসন্ধিক্ষণের পরিবর্তন সম্পর্কে জানার উদ্দেশ্য কোনটি? ★ (অনুধাবন) /শহীদ বীর উত্তম লেঃ আনোয়ার গার্লস কলেজ, ঢাকা/
ক) ভয় পাওয়া খ) সাহসী হওয়া
গ) আনন্দিত হওয়া ঘ) পূর্ব প্রস্তুতি নেওয়া **ঘ**

৪. শিশুর ব্যক্তিত্বের বিকাশ হয় কখন? ★ (জ্ঞান) /কক্সবাজার সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়/
ক) প্রাপ্ত বয়সে খ) বয়ঃসন্ধিক্ষণে
গ) প্রাক শৈশবে ঘ) মধ্য শৈশবে **খ**

৫. কৈশোরকালের সময়সীমা কোনটি? ★ (জ্ঞান) /বর্ডার গার্ড পাবলিক স্কুল এন্ড কলেজ, সিলেট/
ক) ১০-১২ বছর খ) ১০-১৫ বছর
গ) ১০-১৯ বছর ঘ) ১০-২২ বছর **গ**

৬. বয়ঃসন্ধিকালের অপর নাম কোনটি? ★ (জ্ঞান) /বায়তুশ শরফ জব্বারিয়া একাডেমী, কক্সবাজার/
ক) শৈশবকাল খ) মধ্য শৈশবকাল
গ) কৈশোরকাল ঘ) প্রাপ্ত বয়স **গ**

৭. বয়ঃসন্ধিকাল হিসেবে গুরুত্বপূর্ণ কোন সময়? ★ (জ্ঞান) /ইস্পাহানী পাবলিক স্কুল ও কলেজ, কুমিল্লা সেনানিবাস/
ক) ১০-১৫ বছর খ) ১০-১৮ বছর
গ) ১০-১৯ বছর ঘ) ১০-২০ বছর **ক**

৮. শৈশব ও প্রাপ্তবয়স্ক এর মাঝামাঝি বয়সকালকে কী বলে? (জ্ঞান)
ক) বয়ঃসন্ধিক্ষণ খ) প্রৌঢ়ত্ব
গ) নবজাতক ঘ) বার্ধক্য **ক**

৯. নির্দিষ্ট বয়সের আগে যৌন পরিবর্তন শুরু হলে তাকে কী ধরনের পরিপক্ব বলে? ★ (জ্ঞান) /ইস্পাহানী পাবলিক স্কুল ও কলেজ, কুমিল্লা সেনানিবাস/
ক) পূর্ব খ) অকাল গ) পূর্ণ ঘ) বিলম্বিত **খ**

১০. বয়ঃসন্ধির ছেলে-মেয়েরা দ্রুত বাড়তে থাকে— (অনুধাবন)
i. উচ্চতায় ii. ওজনে iii. বয়সে
নিচের কোনটি সঠিক ?
ক) i ও ii খ) i ও iii গ) ii ও iii ঘ) i, ii ও iii **ক**

১১. বয়ঃসন্ধিক্ষণের শারীরিক পরিবর্তনের মধ্যে উল্লেখযোগ্য— (অনুধাবন)
i. ওজন বৃদ্ধি ii. ধারণার বৃদ্ধি
iii. উচ্চতার বৃদ্ধি
নিচের কোনটি সঠিক ?
ক) i ও ii খ) ii ও iii গ) i ও iii ঘ) i, ii ও iii **গ**

১২. বয়ঃসন্ধিক্ষণের পরিবর্তন সম্পর্কে জানা থাকলে— (অনুধাবন)
i. পরিবর্তন সহজভাবে মেনে নেওয়া যায়
ii. পরিবারের সাথে খাপ খাওয়ানো যায়
iii. পরিবর্তন সম্পর্কে দুশ্চিন্তা থাকে না
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) i ও iii গ) ii ও iii ঘ) i, ii ও iii **ঘ**

১৩. ছেলেমেয়েদের বয়ঃসন্ধিকালের পরিবর্তনের প্রেক্ষিতে বলা হয়— (অনুধাবন)
i. অকাল পরিপক্ব
ii. দুশ্চিন্তাগ্রস্ত iii. বিলম্বিত পরিপক্ব
নিচের কোনটি সঠিক ?
ক) i ও ii খ) ii ও iii গ) i ও iii ঘ) i, ii ও iii **গ**

নিচের অনুচ্ছেদটি পড়ে ১৪ ও ১৫ নং প্রশ্নের উত্তর দাও:
তুষ্টি এগার বছরে পা দিতেই তার ঋতুস্রাব শুরু হয়। অন্যদিকে তার বান্ধবী তমা তেরো বছর পার হবার পর তার ঋতুস্রাব শুরু হয়। উভয়ের আকৃতি একই রকম।

১৪. যৌন পরিবর্তনে তমার পরিপক্বতাকে কী বলে? (প্রয়োগ)
ক) অকাল খ) পূর্ণাঙ্গ
গ) বিলম্বিত ঘ) অর্ধপূর্ণ **গ**

১৫. তুষ্টির ঋতুস্রাব তাড়াতাড়ি হবার কারণ— (উচ্চতর দক্ষতা)
i. বংশগতভাবে ii. খাদ্যাভ্যাসের কারণে
iii. মানসিক পরিপক্বতায়
নিচের কোনটি সঠিক ?
ক) i ও ii খ) ii ও iii গ) i ও iii ঘ) i, ii ও iii **ক**

## ★★ পাঠ-২ বয়ঃসন্ধির পরিবর্তনের কারণ | Text পৃষ্ঠা-৩৪

১৬. গ্রন্থি কী? /স. বো. ২০১৩/
ক) ত্বক খ) হরমোন
গ) একগুচ্ছ কোষ ঘ) রাসায়নিক পদার্থ **গ**

১৭. মানুষের শরীরের গ্রন্থির কাজ কী? ★ (অনুধাবন) মনিপুর উচ্চ বিদ্যালয়, ঢাকা/
ক) রক্তরক্ষণ করা খ) শক্তি উৎপাদন করা
গ) রাসায়নিক পদার্থ নিঃসরণ করা
ঘ) রোগ প্রতিরোধ করা **গ**

১৮. হরমোন কোন ধরনের পদার্থ? ★ (জ্ঞান) /শহীদ বীর উত্তম লেঃ আনোয়ার গার্লস কলেজ, ঢাকা/
ক) জৈব খ) রাসায়নিক
গ) জটিল ঘ) সরল **খ**

১৯. মানুষের বিকাশের ধারা বিঘ্নিত হয় কীভাবে? ★ (অনুধাবন) /আইডিয়াল স্কুল এন্ড কলেজ, মতিঝিল, ঢাকা/
ক) হরমোন নিঃসরণ বিঘ্নের কারণে
খ) অপুষ্টির কারণে গ) পিটুইটারি গ্রন্থির জন্য
ঘ) শারীরিক পরিবর্তনের কারণে **ক**

২০. মানুষের শরীরের রাসায়নিক পদার্থ কীসের সাথে মিশে যায়? ★ (জ্ঞান) /নাটোর সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়/
ক) মাংস পেশীর সাথে খ) হাড়ের সাথে
গ) রক্তের সাথে ঘ) মলমূত্রের সাথে **গ**

২১. কোন হরমোন দৈহিক বৃদ্ধি নিয়ন্ত্রণ করে? /স. বো. ২০১৫/
ক) গ্রোথ হরমোন খ) ইস্ট্রোজেন হরমোন
গ) টেস্টোস্টেরণ হরমোন ঘ) গোনাডোট্রপিক হরমোন **ক**

২২. আমাদের সকলের মস্তিষ্কের তলদেশে কোন গ্রন্থি অবস্থিত? /অনুশীলনী-১/
ক) থাইরয়েড গ্রন্থি খ) পিটুইটারি গ্রন্থি
গ) অ্যাড্রেনাল গ্রন্থি ঘ) শুক্রাশয় গ্রন্থি **খ**

২৩. শুক্রাশয় থেকে ক্ষরিত হরমোনের নাম কী? (জ্ঞান)
ক) গোনাডোট্রপিক খ) টেস্টোস্টেরন
গ) ইস্ট্রোজেন ঘ) অ্যাড্রেনাল **খ**

২৪. শুক্রাণু তৈরি করে কোন হরমোন? (জ্ঞান)
ক) ইস্ট্রোজেন খ) গ্লুকাগন
গ) থাইরয়েড ঘ) টেস্টোস্টেরন **ঘ**

২৫. গোনাডোট্রপিক হরমোন নিঃসরণ হয় কোন গ্রন্থি থেকে? /স. বো. ২০১৪/
ক) পিটুইটারি খ) অ্যাড্রেনাল
গ) থাইরয়েড ঘ) শুক্রাশয় **ক**

২৬. ডিম্বাশয় থেকে ক্ষরিত হয় কোন হরমোন? ★ (জ্ঞান) /রাজেন্দ্রপুর ক্যান্টনমেন্ট পাবলিক স্কুল ও কলেজ/
ক) টেস্টোস্টেরন খ) ইস্ট্রোজেন
গ) গ্রোথ হরমোন ঘ) গোনাডোট্রপিক **খ**

Teachingbd.com

২৭. বয়ঃসন্ধিক্ষণের পরিবর্তনের কারণে দেহে উৎপন্ন হয়— (অনুধাবন)
i. বিভিন্ন গ্রন্থি
ii. একগুচ্ছ গ্রন্থি নিঃসৃত পদার্থ
iii. রাসায়নিক পদার্থ বা হরমোন
নিচের কোনটি সঠিক ?
ⓚ i ও ii ⓛ ii ও iii ⓖ i ও iii ⓘ i, ii ও iii **খ**

২৮. হরমোন সম্পর্কে বলা যায়— (অনুধাবন)
i. দেহের বিভিন্ন কাজ নিয়ন্ত্রণ করে
ii. উচ্চ ক্ষমতা সম্পন্ন জৈব রাসায়নিক পদার্থ
iii. রক্তের মাধ্যমে বাহিত হয়ে দেহের বিভিন্ন অংশে ছড়িয়ে যায়
নিচের কোনটি সঠিক?
ⓚ i ও ii ⓛ ii ও iii ⓖ i ও iii ⓘ i, ii ও iii **ঘ**

২৯. হরমোন রক্তের মাধ্যমে বাহিত হয়ে শরীরে— ★ (অনুধাবন) *[মনিপুর উচ্চ বিদ্যালয়, ঢাকা]*
i. পরিবর্তন ঘটায় ii. দেহের কাজ নিয়ন্ত্রণ করে
iii. দৈহিক বৃদ্ধি নিয়ন্ত্রণ করে
নিচের কোনটি সঠিক ?
ⓚ i ও ii ⓛ ii ও iii ⓖ i ও iii ⓘ i, ii ও iii **ঘ**

৩০. গ্রোথ হরমোন যতদিন নিঃসরিত হয় ততদিন মানুষ— (অনুধাবন)
i. লম্বা হয় ii. ওজনে বৃদ্ধি পায়
iii. অস্থি সুগঠিত হয়
নিচের কোনটি সঠিক ?
ⓚ i ও ii ⓛ ii ও iii ⓖ i ও iii ⓘ i, ii ও iii **গ**

৩১. ইস্ট্রোজেন হরমোনের কারণে মেয়েদের— (অনুধাবন)
i. দৈহিক পরিবর্তন ঘটে
ii. ঋতুস্রাব নিয়ন্ত্রণ হয় iii. যৌন পরিবর্তন ঘটে
নিচের কোনটি সঠিক ?
ⓚ i ও ii ⓛ ii ও iii ⓖ i ও iii ⓘ i, ii ও iii **ঘ**

৩২. গোনাডোট্রপিক হরমোনের কাজ— ★ (অনুধাবন) *[ইস্পাহানী পাবলিক স্কুল ও কলেজ, কুমিল্লা সেনানিবাস]*
i. জননগ্রন্থির বৃদ্ধি ও পরিপক্বতা
ii. শুক্রাণু তৈরি
iii. জননগ্রন্থির কাজ নিয়ন্ত্রণ
নিচের কোনটি সঠিক ?
ⓚ i ও ii ⓛ ii ও iii ⓖ i ও iii ⓘ i, ii ও iii **গ**

নিচের উদ্দীপকটি পড়ে ৩৩ ও ৩৪ নং প্রশ্নের উত্তর দাও :
তিতলীর পূর্ব প্রস্তুতি এবং বিজ্ঞানসম্মত ধারণার অভাবে সে কৈশোরকালীন সময়ে বিপর্যয়ের সম্মুখীন হয়।

৩৩. উদ্দীপকের এ সমস্যার সাথে মিল রয়েছে— (প্রয়োগ)
i. বয়ঃসন্ধির দ্রুত পরিবর্তন
ii. খোলামেলা আলোচনার অভাব
iii. পারিবারিক অবস্থার দ্রুত পরিবর্তন
নিচের কোনটি সঠিক?
ⓚ i ও ii ⓛ ii ও iii ⓖ i ও iii ⓘ i, ii ও iii **ক**

৩৪. তিতলীর বিভিন্ন প্রতিকূলতা প্রতিরোধ কৌশল জানা দরকার। এর যৌক্তিকতা কোনটি? (উচ্চতর দক্ষতা)
ⓚ নিজেকে রক্ষা করা ⓛ কর্মদক্ষ হওয়া
ⓖ অর্থনৈতিক চাহিদাপূরণ ⓘ নিজেকে খাপ খাওয়ানো **ঘ**

★★ পাঠ-৩ ও ৪ বয়ঃসন্ধিকালে পরিবারের সাথে খাপ খাওয়ানো ও বয়ঃসন্ধিকালে সমাজের সাথে খাপ খাওয়ানো | Text পৃষ্ঠা-৩৫ ও ৩৭

৩৫. বয়ঃসন্ধিক্ষণে পরিবারের সাথে খাপ খাওয়ানোর সমস্যা কয়টি? (জ্ঞান)
ⓚ ৪ ⓛ ৫ ⓖ ৬ ⓘ ৭ **গ**

৩৬. বয়ঃসন্ধিকালে বাবা-মার সাথে সন্তানের কোন ধরনের পার্থক্য দেখা যায়? ★ (জ্ঞান) *[বায়তুশ শরফ জব্বারিয়া একাডেমী, কক্সবাজার]*
ⓚ বয়সের ⓛ সামাজিকতার
ⓖ মনোভাবের ⓘ চাহিদার **গ**

৩৭. সন্তান বাবা-মাকে বর্তমান যুগের অনুপযুক্ত মনে করে কেন? (অনুধাবন)
ⓚ পারিবারিক বাধা নিষেধের জন্যে
ⓛ মনোভাবের পার্থক্যের জন্যে
ⓖ অর্থনৈতিক চাহিদার জন্যে
ⓘ বন্ধুত্বের জন্যে **খ**

৩৮. বয়ঃসন্ধিকালে সন্তানদের মনোভাবের পার্থক্যের কারণ কী? (জ্ঞান)
ⓚ বয়সের পার্থক্য ⓛ জ্ঞানের সমতা
ⓖ শক্তির পার্থক্য ⓘ সাহসের সমতা **ক**

৩৯. বয়ঃসন্ধিক্ষণের ছেলেমেয়েরা কীভাবে চলতে পছন্দ করে? (জ্ঞান)
ⓚ বিধিনিষেধ মেনে ⓛ বিরোধিতা করে
ⓖ স্বাধীনভাবে ⓘ বড়দের আদেশ মেনে **গ**

৪০. কোন বয়সের ছেলেমেয়েরা তাদের কাজে অন্যের হস্তক্ষেপ পছন্দ করে না? (জ্ঞান)
ⓚ প্রারম্ভিক শৈশব ⓛ অতি শৈশব
ⓖ বয়ঃসন্ধিক্ষণ ⓘ মধ্য শৈশব **গ**

৪১. বয়ঃসন্ধিক্ষণে কোন ধরনের পরিবর্তনের জন্যে শক্তি বেশি ক্ষয় হয়? *[অনুশীলনী-২]*
ⓚ দৈহিক বৃদ্ধি ⓛ মনোভাবের তারতম্য
ⓖ বন্ধুত্বের আধিক্য ⓘ কঠোর শাসন **ক**

৪২. বয়ঃসন্ধিকালে বেশি শক্তি ক্ষয় হওয়ার কারণ কোনটি? ★ (অনুধাবন) *[বর্ডার গার্ড পাবলিক স্কুল এন্ড কলেজ, সিলেট]*
ⓚ মানসিক পরিবর্তন ⓛ শারীরিক পরিবর্তন
ⓖ অর্থনৈতিক পরিবর্তন ⓘ সামাজিক পরিবর্তন **খ**

৪৩. সন্তানের প্রতি বাবা-মায়ের বিধিনিষেধের উদ্দেশ্য কোনটি? (অনুধাবন)
ⓚ সন্তানকে শাসন করা
ⓛ সন্তানের প্রতি ভালোবাসা
ⓖ সন্তানের চাহিদাপূরণ
ⓘ সন্তানকে সঠিকভাবে গড়া **ঘ**

৪৪. মানুষের সবচেয়ে বড় সম্পদ কোনগুলো? ★ (জ্ঞান) *[ইস্পাহানী পাবলিক স্কুল ও কলেজ, কুমিল্লা সেনানিবাস]*
ⓚ সময় ও অর্থ ⓛ জ্ঞান ও বুদ্ধি
ⓖ শক্তি ও সামর্থ্য ⓘ বাড়ি ও গাড়ি **খ**

৪৫. দক্ষতা অর্জনের উপযুক্ত বয়স কোনটি? ★ (জ্ঞান) *[সরকারি এস সি বালিকা উচ্চ বিদ্যালয়, সুনামগঞ্জ]*
ⓚ বার্ধক্য ⓛ যৌবন
ⓖ শৈশব ⓘ বয়ঃসন্ধিক্ষণ **ঘ**

৪৬. সকল ছাত্রছাত্রী শিক্ষকদের কাছে একরকম হতে পারে না কীসের কারণে? ★ (অনুধাবন) *[বায়তুশ শরফ জব্বারিয়া একাডেমী, কক্সবাজার]*
ⓚ পড়াশোনার ⓛ আচরণের
ⓖ বুদ্ধির ⓘ জড়তার **খ**

৪৭. কোন জীবনের সফলতার ওপর পরবর্তী জীবনের সফলতা নির্ভর করে? (জ্ঞান)
ⓚ সামাজিক জীবন ⓛ স্কুল জীবন
ⓖ কলেজ জীবন ⓘ পারিবারিক জীবন **খ**

৪৮. শিক্ষকরা কোন ধরনের ছাত্রছাত্রীদের বেশি প্রশংসা করেন? (অনুধাবন)
ⓚ যারা সহপাঠীদের সাথে ঝগড়া করে
ⓛ যারা খেলাধুলায় ভালো
ⓖ যারা শিক্ষকের কথা শোনে
ⓘ যারা ভালো গান গায় **গ**

৪৯. জনপ্রিয় ছেলেমেয়ের বৈশিষ্ট্য কোনটি? (অনুধাবন)
ⓚ সবাইকে সালাম দেওয়া
ⓛ সুন্দর পোশাক পরা
ⓖ সকলকে সহযোগিতা করা
ⓘ সবসময় স্কুলে উপস্থিত থাকা **গ**

Teachingbd.com

৫০. বয়ঃসন্ধিক্ষণে জনপ্রিয় হওয়ার অন্যতম উপায় কোনটি? (জ্ঞান)
ক নিয়মিত স্কুলে যাওয়া খ কারো সাথে বিবাদ না কর
গ পাঠ্যক্রম বহির্ভূত কার্যক্রমে অংশগ্রহণ
ঘ স্কুলের নিয়ম মেনে চলা **গ**

৫১. পড়াশোনায় অমনোযোগিতা দূর করতে শিক্ষক ছাত্রদের প্রতি কী ভূমিকা নিবেন? (প্রয়োগ)
*[বাংলাদেশ ইন্টারন্যাশনাল স্কুল, ঢাকা]*
ক আচরণ বদলাতে বলবেন
খ বন্ধু তৈরি করতে বলবেন
গ প্রশংসা ও উৎসাহ যোগাবেন
ঘ ভালো করে পড়তে বলবেন **গ**

৫২. জীবনে ভাবনার সময় কোনটি? (জ্ঞান) *[বায়তুশ শরফ জব্বারিয়া একাডেমী, কক্সবাজার]*
ক বয়ঃসন্ধিক্ষণ খ বার্ধক্য
গ শৈশবকাল ঘ যৌবনকাল **ক**

৫৩. বয়ঃসন্ধিকালে বাবা-মার সাথে ছেলেমেয়েদের সম্পর্কের অবনতির জন্যে দায়ী— (অনুধাবন)
i. বাবা-মা ii. সন্তান iii. আত্মীয় স্বজন
কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii **ক**

৫৪. বয়ঃসন্ধিকালে বাবা-মায়ের সাথে মনোভাবের পার্থক্যের কারণ— (অনুধাবন)
i. তাদের হস্তক্ষেপ ii. বয়সের পার্থক্য
iii. সামাজিক বিভিন্ন পরিবর্তন
নিচের কোনটি সঠিক ?
ক i ও ii খ ii ও iii গ i ও iii ঘ i, ii ও iii **খ**

৫৫. বয়ঃসন্ধিকালে বাবা-মায়ের সাথে মেয়েদের মতবিরোধের কারণ— (অনুধাবন)
i. নির্দিষ্ট সময়ে ঘরে না ফেরা
ii. একা কোথাও যেতে না দেওয়া
iii. বিপরীত লিঙ্গের মেলামেশায় আপত্তি
নিচের কোনটি সঠিক ?
ক i ও ii খ ii ও iii গ i ও iii ঘ i, ii ও iii **ঘ**

৫৬. বয়ঃসন্ধিক্ষণে ছেলেমেয়েদের অর্থনৈতিক চাহিদার সৃষ্টি হয়— (অনুধাবন)
i. ঘরে তৈরি খাবার খাওয়ার জন্যে
ii. পোশাকের প্রয়োজনে
iii. শিক্ষা উপকরণের জন্যে
নিচের কোনটি সঠিক ?
ক i ও ii খ ii ও iii গ i ও iii ঘ i, ii ও iii **খ**

৫৭. কোন গুণাবলির মাধ্যমে একজন ব্যক্তি যে কোনো পরিবেশে খাপ খাওয়াতে পারে? *[স. বো. ২০১৩]*
i. দক্ষতা ii. জ্ঞান iii. বুদ্ধি
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ ii ও iii
গ i ও iii ঘ i, ii ও iii **ঘ**

৫৮. বয়ঃসন্ধিক্ষণে সন্তানদের করণীয় হলো— (অনুধাবন)
i. বাবা-মাকে সম্মান করা
ii. মনোযোগের সাথে দায়িত্ব পালন করা
iii. খোলামেলা আলোচনা করা
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ ii ও iii গ i ও iii ঘ i, ii ও iii **ঘ**

৫৯. মাধ্যমিক স্কুলে পড়াশোনা ভালো না লাগার কারণ— (অনুধাবন)
i. বিষয়বস্তুর অস্পষ্টতা ii. অধ্যায়ের কাঠিন্য
iii. মুখস্ত করে উত্তর দেওয়া
নিচের কোনটি সঠিক ?
ক i ও ii খ ii ও iii গ i ও iii ঘ i, ii ও iii **গ**

৬০. পাঠের বিষয়বস্তু ভালোভাবে বুঝে পড়লে— (উচ্চতর দক্ষতা)
i. মনে রাখা সহজ হয়
ii. সহজে আয়ত্তে আনা যায়
iii. দৈনন্দিন জীবনে উক্ত শিক্ষা প্রয়োগ করা যায়
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ ii ও iii গ i ও iii ঘ i, ii ও iii **ঘ**

৬১. শিক্ষকরা যে ধরনের ছাত্র-ছাত্রীদের ভালোবাসেন— (অনুধাবন)
i. ভদ্র ii. বিনয়ী iii. মনোযোগী
নিচের কোনটি সঠিক ?
ক i ও ii খ ii ও iii গ i ও iii ঘ i, ii ও iii **ঘ**

৬২. ছাত্র ছাত্রীদের বিদ্যালয়ের প্রতি আগ্রহ বাড়ায় শিক্ষকের— (অনুধাবন) *[সরকারি এসসি গার্লস হাইস্কুল, সুনামগঞ্জ]*
i. প্রশংসা ii. উৎসাহ iii. স্পষ্ট ধারণা
নিচের কোনটি সঠিক ?
ক i ও ii খ ii ও iii গ i ও iii ঘ i, ii ও iii **ক**

৬৩. শিক্ষার্থীদের দায়িত্ব হলো— (অনুধাবন) *[সিরোইল সরকারি উচ্চ বিদ্যালয়, রাজশাহী]*
i. ক্লাসে মনোযোগী থাকা
ii. প্রশ্নের স্বতঃস্ফূর্ত উত্তর প্রদান
iii. বিদ্যালয়ে অনুপস্থিত থাকা
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ ii ও iii গ i ও iii ঘ i, ii ও iii **ক**

৬৪. লেখাপড়া ছাড়া একজন ছাত্র জনপ্রিয় হতে পারে— (অনুধাবন) *[ন্যাচারেল গ্যাস ফার্টিলাইজার ফ্যাক্টরী স্কুল]*
i. খেলাধুলা করে
ii. কুইজ প্রতিযোগিতা করে
iii. উন্নত স্বাস্থ্যের অধিকারী হয়ে
নিচের কোনটি সঠিক ?
ক i ও ii খ ii ও iii গ i ও iii ঘ i, ii ও iii **ক**

৬৫. বয়ঃসন্ধিক্ষণে সমাজের সাথে খাপ খাওয়াতে গুরুত্বপূর্ণ— (অনুধাবন)
i. সমবয়সী দলে খাপ খাওয়ানো
ii. আত্মীয় স্বজনের খোঁজ নেওয়া
iii. পাড়া প্রতিবেশীদের সজ্ঞে সম্পর্ক স্থাপন
নিচের কোনটি সঠিক ?
ক i ও ii খ ii ও iii গ i ও iii ঘ i, ii ও iii **ঘ**

নিচের অনুচ্ছেদটি পড়ো এবং ৬৬ ও ৬৭ নং প্রশ্নের উত্তর দাও:
১৫ বছরের কণা প্রায়ই বন্ধুদের সজ্ঞে বাইরে যায়। সন্ধ্যার পর আজ এ বন্ধুর জন্মদিন, কাল ও বন্ধুর জন্মদিন লেগেই আছে। তাঁর স্বাধীন চলাফেরা বাবা-মা মেনে নেন না। প্রায়ই তাকে এ বিষয়ে বকাঝকা করেন এবং কণার ওপর ক্ষুব্ধ হন। *[অনুশীলনী-৩ ও ৪]*

৬৬. উদ্দীপকে উল্লিখিত কণার এই আচরণের কারণ—
ক বাবা-মার অধিক খেয়াল
খ স্বাধীনভাবে চলাফেরা
গ বন্ধুদের সজ্ঞে অতিরিক্ত মেলামেশা
ঘ সুনির্দিষ্ট বয়সে মানসিক পরিবর্তন **ঘ**

৬৭. উপরোক্ত পরিস্থিতিতে কণার—
i. পরিবারের সাথে মতবিরোধ দেখা দিতে পারে
ii. মানসিক বিকাশ বাধাগ্রস্ত হতে পারে
iii. শারীরিক দক্ষতা হ্রাস পেতে পারে
নিচের কোনটি সঠিক ?
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii **ঘ**

নিচের অনুচ্ছেদটি পড়ে ৬৮ ও ৬৯ নং প্রশ্নের উত্তর দাও:
বুহিনা ৮ম শ্রেণির ছাত্রী। তাকে শিক্ষকেরা ভালোবাসে, প্রশংসা ও উৎসাহ দেয়। অন্যদিকে তার সহপাঠী শাহিদা পড়াশোনা করে না ও নিজেকে খাপ খাওয়াতে পারে না। শিক্ষকেরা তার প্রতি অসন্তুষ্ট।

৬৮. শাহিদাকে খাপ খাওয়াতে হলে দরকার— (প্রয়োগ)
i. নিয়মিত লেখাপড়া করা
ii. হিংসা না করা iii. গঠনমূলক সমাধান খোঁজা
নিচের কোনটি সঠিক ?
ক i ও ii খ ii ও iii গ i ও iii ঘ i, ii ও iii **ঘ**

৬৯. বুহিনা ও শাহিদার মধ্যে পার্থক্য কী? (উচ্চতর দক্ষতা)
ক দক্ষতার খ মনোযোগের
গ আচরণের ঘ অনিয়মের **গ**

Teachingbd.com